

ভর্তির শিক্ষাগত যোগ্যতা

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসমূহে)

ভর্তির জন্য ২০১৬, ২০১৭, ২০১৮ সালে পাসকৃত এস.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জি.পি. ৩.০০ সহ ন্যূনতম ৩.৫০ জি.পি.এ. প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জি.পি. ৩.০০ সহ ন্যূনতম ৩.০০ জি.পি.এ. প্রাপ্ত শিক্ষার্থীরা এবং 'ও' লেভেলে যে কোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে কমপক্ষে 'ডি' গ্রেডে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। 'ও' লেভেল হতে যারা পাস করেছে তাদের নম্বরপত্র এসএসসি এর সমমান করে মেধাক্রম অনুসারে ভর্তি সুযোগ দেওয়া হবে।

এস.এস.সি.সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাস প্রার্থীরাও আবেদন করতে পারবে। তবে আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ২২ বছর হতে হবে।